

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.২৭.০৪৩.২২-১৬৮০/১০

তারিখ: ২৯/০৩/২০২৬ খ্রি.

অফিস আদেশ


আপনি জনাব হাজারী লাল মন্ডল, গাড়ীচালক, জেলা শিক্ষা অফিস, খুলনায় গত ০৬/০৩/২০২৪ খ্রি. থেকে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকায় জেলা শিক্ষা অফিস, খুলনা থেকে আপনাকে যথাক্রমে ১২/০৩/২০২৪ খ্রি., ২৫/০৩/২০২৪ খ্রি. এবং ০৪/০৪/২০২৪ খ্রি. কারণ দর্শানো নোটিশ প্রদান করা হলে কোন জবাব প্রদান করেননি। পরবর্তীতে এ অধিদপ্তরের স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.২৭.০৪৩.১২-১৫০৫৮/৪, তারিখ: ২৮/০৮/২০২৪ খ্রি. মোতাবেক এরূপ কার্যকলাপের জন্য কেন আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না, উল্লেখপূর্বক কারণ দর্শানো নোটিশ প্রদান করা হলেও আপনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাবও প্রেরণ করেননি। এ প্রেক্ষিতে এ অধিদপ্তরের স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.২৭.০৪৩.২২-৫২৩৭/৫, তারিখ: ২৬/১০/২০২৫ খ্রি. মোতাবেক আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগ নামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয় এবং সর্বশেষ স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.২৭.০৪৩.২২-৭৯১/৯, তারিখ: ০৮/০২/২০২৬ খ্রি. মোতাবেক আপনাকে ব্যক্তিগত শুনানীতে অংশ গ্রহণের জন্য পত্র প্রেরণ করা হলে আপনি ব্যক্তিগত শুনানীতেও অংশ গ্রহণ করেননি।

যেহেতু প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল সরকারি কর্মচারী হিসেবে আপনার এহেন কার্যকলাপ আচরণ বিধি পরিপন্থি এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধি মোতাবেক 'পলায়ন' এর পর্যায়ভুক্ত ও শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, আপনি জনাব হাজারী লাল মন্ডল, গাড়ীচালক, জেলা শিক্ষা অফিস, খুলনা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২ মোতাবেক সাময়িক বরখাস্ত করা করা হলো।

০২। সংশ্লিষ্ট কর্মচারী সাময়িক বরখাস্তকালীন প্রচলিত বিধি মোতাবেক খোরপোষ (Subsistence Allowance) ভাতা প্রাপ্য হবেন।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।



(মোঃ খালিদ হোসেন)

সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)

ফোন: ০২-২২৩৩৫০০৬৮

বিতরণ: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ০২। উপপরিচালক (সা. প্র.), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ০৩। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা;
- ০৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা;
- ০৫। জেলা শিক্ষা অফিসার, খুলনা;
- ০৬। সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (মাউশি'র ওয়েব সাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ);
- ০৭। জেলা হিসাব রক্ষণ ও ফিন্যান্স কর্মকর্তা, খুলনা;
- ০৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ০৯। জনাব হাজারী লাল মন্ডল, গাড়ীচালক, জেলা শিক্ষা অফিস, খুলনা;
- ১০। সংরক্ষণ নথি।